অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটে ব্যবসায়িক কাজে প্রবেশের ক্ষেত্রে এক্সেলসিয়র পাস প্ল্যাটফর্মের মাধ্যমে পুয়ের্তো রিকোর কোভিড-19 VACU ID পাস গৃহীত হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

এই ঘোষণা স্টেটের এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ্লিকেশন ও পুয়ের্তো রিকোর VACU ID পাস এবং এক্সেলসিয়র পাস প্লাস ও পুয়ের্তো রিকোর CESCO ডিজিটাল ভেরিফায়ার অ্যাপ্লিকেশনের মধ্যে সামঞ্জস্যতার প্রতিনিধিত্ব করে

একটি নিরাপদ ডিজিটাল টিকাদানের রেকর্ড হিসেবে এক্সেলসিওর পাস প্লাসের মধ্যে নিউ ইয়র্কবাসীদের বুস্টার/বাড়তি ডোজ অন্তর্ভুক্ত রয়েছে, এটির মেয়াদোত্তীর্ণ হবে না, এবং পুয়ের্তো রিকো সহ নিউ ইয়র্ক স্টেটের বাইরে ব্যবহার করা যাবে

নিউ ইয়র্কবাসীদেরকে তাদের এক্সেলসিওর পাস প্লাস এখান থেকে সংগ্রহ করার জন্য উৎসাহিত করা হচ্ছে; বাবা-মা ও অভিভাবকরা সন্তানদের জন্য পাস সংগ্রহ করে নিজেদের কাছে রাখতে পারবেন

দেশব্যাপী সংগঠন ও ব্যবসা প্রতিষ্ঠানগুলো ফ্রি এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ এখান থেকে ডাউনলোড করতে পারবেন

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে পুয়ের্তো রিকো থেকে ইস্যু করা কোভিড-19 টিকাগ্রহণের ডিজিটাল ক্রেডেনশিয়াল নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ্লিকেশনের মাধ্যমে অবিলম্বে গৃহীত হবে। একইভাবে, স্টেটের এক্সেলসিওর পাস *প্লাস* পুয়ের্তো রিকোর CESCO ডিজিটাল ভেরিফায়ার অ্যাপ্লিকেশনের মাধ্যমে গৃহীত হবে। এর মানে হলো পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত পুয়ের্তোরিকান ও নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্ক স্টেট ও পুয়ের্তো রিকোতে ব্যবসায়িক প্রয়োজনে প্রবেশের ক্ষেত্রে যথাক্রমে তাদের সামঞ্জস্যপূর্ণ টিকাগ্রহণের ক্রেডেনশিয়াল ব্যবহার করতে পারবেন। সর্বশেষ আদমশুমারির ডাটা অনুযায়ী নিউ ইয়র্ক স্টেটে বসবাসকারী এক মিলিয়নেরও বেশি ব্যক্তি নিজেদেরকে পুয়ের্তোরিকান হিসেবে পরিচয় দিয়ে থাকেন। এক্সেলসিয়র পাসের গ্রহণযোগ্যতা ও আওতা সম্প্রসারণের ক্ষেত্রে এই সর্বশেষ পদক্ষেপ পুয়ের্তো রিকোর সঙ্গে নিউ ইয়র্ক স্টেটের ঘনিষ্ট অংশীদারিত্ব এবং পুয়ের্তোরিকান বংশোদ্ভূত নিউ ইয়র্কবাসীদের প্রতি স্টেটের অঙ্গীকারাবদ্ধতার আরো একটি উদাহরণ।

"আমাদের কোভিড-19 এর ভ্যাকসিন পাস সিস্টেমগুলোর মধ্যে সামঞ্জস্যতা নিশ্চিত করতে পুয়ের্তো রিকোতে আমাদের অংশীদারদের সঙ্গে কাজ করতে পেরে নিউ ইয়র্ক স্টেট গর্বিত," **বলেছেন গভর্নর হোকল।** "এই গুরুত্বপূর্ণ অংশীদারিত্ব নিরাপদে ভ্রমণ, বাণিজ্য, ও অর্থনৈতিক উন্নয়নমূলক কর্মকাণ্ডের অব্যাহতভাবে ফিরে আসাকে ত্বরান্বিত করবে। এক্সেলসিয়র পাস প্ল্যাটফর্মের উন্নয়ন ও উদ্ভাবনের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের অব্যাহতভাবে নেতৃত্ব দেয়ার এই সময়ে, আমরা নিরাপদ ভ্যাকসিনেশন ক্রেডেনশিয়ালের ব্যবহার সম্প্রসারণ করতে যুক্তরাষ্ট্রের ও বিশ্বের অন্যান্য অংশের অংশীদারদের সঙ্গেও কাজ করছি। এটি নিউ ইয়র্কের প্রকৃত পরিবার, কর্মী, ও ভ্রমণকারীদের জন্য একটি সত্যিকারের ইউটিলিটিতে পরিণত হয়েছে - যা নিত্যদিনের জীবনে একটি বাস্তব প্রভাব ফেলছে।"

নিউ ইয়র্ক স্টেট দেশের মধ্যে প্রথম কোভিড-19 ক্রেডেনশিয়াল সিস্টেম চালু করেছিল, এবং এরপর থেকে সামঞ্জস্যপূর্ণ ভ্যাকসিনেশন পাস উন্নয়ন ও চালুর জন্য যুক্তরাষ্ট্রের ও যুক্তরাষ্ট্রের বাইরের অংশীদারদের সঙ্গে কাজ করে চলেছে - যার মাধ্যমে নিউ ইয়র্কের ও এর বাইরের আরো বেশি সংখ্যক মানুষ একটি বিশ্বাসযোগ্য, গোপনীয়তা সংরক্ষণকারী ডিজিটাল টিকাগ্রহণের রেকর্ডের অ্যাক্সেস লাভ করতে পারছে। 5 অক্টোবরে গভর্নর হোকলের দেয়া ঘোষণা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ্লিকেশনকে স্টেটের ইস্যু করা সংক্রান্ত মানদণ্ডগুলো পূরণ করে এমন অন্যান্য পাস যাচাই করতে সক্ষম করে তোলার জন্য আপডেট করা হয়। এসব মানদণ্ডের মধ্যে ফেডারেল ও স্টেট পর্যায়ের কোভিড-19 সম্পর্কে জনস্বাস্থ্য বিষয়ক নির্দেশনার ভিত্তিতে পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হওয়ার সংজ্ঞা অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে CDC ও WHO উভয়ের অনুমোদিত কোভিড-19 এর টিকাগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে, যার ফলে ব্যবসা প্রতিষ্ঠানগুলো নিউ ইয়র্কের বাইরে থেকে আসা আরো বেশি সংখ্যক গ্রাহককে গ্রহণ করতে পারছে। আজকের ঘোষণার পর থেকে এর মধ্যে কানাডা, ক্যালিফোর্নিয়া, কলোরাডো, হাওয়াই, লুইজিয়ানা, ভার্জিনিয়া, ওয়াশিংটন, কানেক্টিকাট, ওয়াশিংটন ডি. সি., ইলিনয়িস, ম্যারিল্যান্ড, ম্যাসাচুসেটস, নিউ জার্সি, রোড আইল্যান্ড, ও উটাহ-এর পাশাপাশি পুয়ের্তো রিকো থেকে ইস্যু করা স্মার্ট হেলথ কার্ডগুলো (SMART Health Cards) অন্তর্ভুক্ত থাকবে।

পুয়ের্তো রিকোর চিফ ইনোভেশন এন্ড ইনফরমেশন অফিসার এনরিক ভলকার্স-নিন বলেন, "আমাদের প্রশাসন এই ব্যাপারটি সম্পর্কে সচেতন যে পুয়ের্তো রিকো থেকে তাদের প্রিয়জনদের সাথে দেখা করার জন্য এবং ব্যবসায়িক উদ্দেশ্যে ভ্রমণ করে আসা হাজার হাজার মানুষের গন্তব্যস্থল হলো নিউ ইয়র্ক। এখানে এসে পৌঁছানোর পর কোভিড-19 টিকাগ্রহণের প্রমাণ দেখানোর প্রক্রিয়া ত্বরান্বিত করার উদ্দেশ্যে, আমরা এমন একটি সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন করেছি যা পুয়ের্তো রিকোর সরকারের ইস্যু করা টিকাগ্রহণের ডিজিটাল ক্রেডেনশিয়াল, VacuID নিউ ইয়র্কে গৃহীত হওয়ার সুযোগ করে দিবে। উভয় কর্তৃপক্ষ প্রথম দিন থেকেই প্রচেষ্টা, জ্ঞান, ও প্রযুক্তিগত অগ্রগতির সম্মিলন ঘটিয়ে চলেছে, যা আমাদের উভয় প্রশাসনের মধ্যকার সম্পর্ক ও সহযোগিতার আরো একটি উদাহরণ। আমরা আত্মবিশ্বাসী যে এই উদ্যোগ যুক্তরাষ্ট্রের উভয় আইনি অধিক্ষেত্রের মধ্যে স্বাধীনভাবে চলাচল করাকে সহজতর করবে।"

স্টেট বাজেট ডিরেক্টর রবার্ট এফ. মুজিকা জুনিয়র বলেন, "এক্সেলসিয়র পাস এবং নিউ ইয়র্ক স্টেটের স্থাপন করা এই অংশীদারিত্ব স্টেটের বড় বড় অর্থনৈতিক চালিকাশক্তি — পর্যটন, ব্যবসায়িক ভ্রমণ, ও বাণিজ্য নিরাপদে ও সুরক্ষিত উপায়ে ফিরিয়ে আনার ভিত্তি গড়ে দিয়েছে।

আজকের ঘোষণাটি এর সঙ্গে যোগ হচ্ছে, বিশেষ করে এই দুইটি গন্তব্যস্থলে ভ্রমণ করেন, কর্মস্থল রয়েছে, এবং পরিবার রয়েছে এমন নিউ ইয়র্কবাসী ও পুয়ের্তোরিকানদের জন্য। আমরা এই প্রচেষ্টায় তাদের অংশীদারিত্বের জন্য পুয়ের্তো রিকোকে এবং সরাসরি নাগরিকদেরকে সহায়তা করবে এমন উপায়ে অব্যাহতভাবে এই টুলসেট উদ্ভাবনের জন্য নিউ ইয়র্ক স্টেট ব্যাপী কাজ করে যাওয়া বহুখাতভিত্তিক টিমকে ধন্যবাদ জানাই।"

স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "এক্সেলসিয়র পাস প্ল্যাটফর্ম নিউ ইয়র্কবাসীদেরকে সরাসরি তাদের কোভিড-19 টিকাগ্রহণের স্ট্যাটাস অ্যাক্সেস করার সুযোগ দেয়ার মাধ্যমে তাদের স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের উপর আগের যেকোনো সময়ের চেয়ে বেশি নিয়ন্ত্রণ প্রদান করছে। একাধিক ভাষায় বিনামূল্যে লভ্য এই প্ল্যাটফর্ম ও স্ক্যানার অ্যাপ্লিকেশন স্টেটের মহামারী মোকাবেলার প্রতিটি স্তরে একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যে পরিণত হয়েছে, যা জনস্বাস্থ্য সংক্রান্ত নীতিমালা ও কার্যক্রমে সরাসরি সহায়তা ও প্রচারের কাজ করছে। পুয়ের্তো রিকোর সঙ্গে সামঞ্জস্যতা এই ইউটিলিটিকে সম্প্রসারণ করছে এবং এটি সম্ভব করে তোলায় আমি গভর্নর হোকলকে তার নেতৃত্বের জন্য, পুয়ের্তো রিকোতে আমাদের অংশীদারদের, এবং স্টেটব্যাপী চলমান সহযোগিতামূলক কার্যক্রমকে ধন্যবাদ জানাই।"

ভবনের ভেতরে জনসাধারণের জন্য উন্মুক্ত সকল স্থানের জন্য স্টেটের টিকাগ্রহণের প্রমাণ দেখানো অথবা মাস্ক পরার বাধ্যবাধকতা বিদ্যমান রয়েছে, যা এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ্লিকেশনকে স্টেটের পুনরায় খোলার প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ উপাদানে পরিণত করেছে। এখন পর্যন্ত এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ্লিকেশনটি 198,000 বার ডাউনলোড করা হয়েছে - যা নিউ ইয়র্কের হাজার হাজার ব্যবসা প্রতিষ্ঠানে এটির অন্তর্ভুক্তির প্রতিনিধিত্ব করে যারা সহজে ও সাবলীলভাবে কোনো ব্যক্তির টিকাগ্রহণের অবস্থা যাচাই করার জন্য এক্সেলসিয়র পাসকে কাজে লাগাচ্ছেন। নিউ ইয়র্কবাসীদের ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর নতুন নতুন চাহিদা পূরণের জন্য স্টেট যেমন একদিকে এক্সেলসিয়র পাসের সমাধানটিকে উন্নত ও সম্প্রসারণ করা অব্যাহত রেখেছে, একই সময়ে সামঞ্জস্যপূর্ণ সমাধানসমূহ উন্নয়নের জন্য অন্য স্টেট ও স্বত্ত্বাগুলোকে আরো বেশি সহায়তা প্রদান করা হচ্ছে। 27 অক্টোবর তারিখে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র পাসের ব্লুপ্রিন্ট লভ্য হওয়ার কথা ঘোষণা করেছিলেন - যেটি এক্সেলসিয়র পাস প্ল্যাটফর্মের উপর ভিত্তি করে ডিজিটাল স্বাস্থ্য ক্রেডেনশিয়াল প্রণয়নের ক্ষেত্রে অন্য স্টেট ও সরকারগুলোকে সহায়তা করার জন্য দেশের প্রথম ফ্রেমওয়ার্ক।

এখন পর্যন্ত 2.8 মিলিয়ন এক্সেলসিয়র পাস *প্লাস* সহ 9.6 মিলিয়নেরও বেশি এক্সেলসিয়র পাস ইস্যু করা হয়েছে। নিউ ইয়র্কবাসীদেরকে তাদের বুস্টার ডোজ বা অতিরিক্ত ডোজের জন্য পাস অপশন সহ পাওয়ার জন্য এবং পুয়ের্তো রিকো সহ অন্য যেসব স্থানে স্মার্ট হেলথ কার্ড গৃহীত হতে পারে সেসব স্থানে ব্যবহার করতে পারার জন্য তাদের এক্সেলসিওর ভ্যাকসিনেশন পাস *প্লাস* সংগ্রহ করতে উৎসাহ দেয়া হচ্ছে। একজন ব্যক্তির টিকাগ্রহণের রেকর্ডের একটি নিরাপদ কপি হিসেবে এক্সেলসিওর পাস *প্লাস* কখনো মেয়াদোত্তীর্ণ হবে না। নিউ ইয়র্কের বাবা-মা ও অভিভাবকরা তাদের সন্তানদের জন্য এক্সেলসিওর পাস *প্লাস* সংগ্রহ করে নিজেদের কাছে রাখতে পারবেন।
নিউ ইয়র্কবাসীরা তাদের এক্সেলসিওর পাস *প্লাস* এখান থেকে সংগ্রহ করতে পারবেন।

বিভিন্ন সংস্থা ও ব্যবসা প্রতিষ্ঠান এই এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ—যা দেশব্যাপী যেকোনো ব্যবসা প্রতিষ্ঠানের জন্য বিনামূল্যে ও দশটিরও বেশি ভাষায় পাওয়া যাবে—এবং নিউ ইয়র্ক স্টেটের বিশ্বস্ত ইস্যুকারীদের ফ্রেমওয়ার্ক সম্পর্কে এখান থেকে আরো তথ্য জানতে পারবেন।

নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র পাসের ব্লুপ্রিন্ট ডাউনলোড করতে এই লিংকে ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন